

শেখ হাসিনার নির্দেশ  
জলবায়ু সহিষ্ণু  
বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়  
প্রশাসন-১ শাখা



১০০

...

সভাপতি জিয়াউল হাসান এনডিসি  
সচিব  
সভার তারিখ ১২/০৭/২০২০  
সভার সময় সকাল ১১-০০ টা  
স্থান জুম-এ অনুষ্ঠিত হয়েছে  
উপস্থিতি জুম উপস্থিতি

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে গৃহীত কর্মসূচি বাস্তবায়নের অগ্রগতি  
পর্যালোচনামূলক সভার কার্যবিবরণী

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। কোভিড-১৯ পরিস্থিতিজনিত কারণে জুম-এ অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি এবং বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন যথাক্রমে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মোঃ শাহাব উদ্দিন, এম পি এবং উপ-মন্ত্রী জনাব হাবিবুন নাহার, এম পি। সভার শুরুতেই পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের প্রাক্তন সচিব ও প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব আব্দুল্লাহ আল মোহসীন চৌধুরী কোভিড-১৯ রোগে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করায় গভীর শোক জানানো হয় এবং তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনাসহ মন্ত্রণালয়ের যে সকল কর্মকর্তা/কর্মচারী কোভিড-১৯ রোগে আক্রান্ত হয়েছেন এবং আক্রান্ত হয়ে সুস্থ হয়েছেন তাদের জন্য দোয়া করা হয়।

অতঃপর সভায় জানানো হয় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে এ মন্ত্রণালয়ে বিস্তারিত কর্মসূচি গ্রহণ করে ১৬/০১/২০২০ তারিখে অনুষ্ঠিত সভার পাশাপাশি জুন/২০২০ মাস পর্যন্ত বাস্তবায়নযোগ্য সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য ১২/০৩/২০২০ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়। কোভিড-১৯ পরিস্থিতিজনিত কারণে কিছু কিছু সিদ্ধান্ত বাস্তবায়নে বিলম্ব ঘটলেও অনেক সিদ্ধান্ত বাস্তবায়িত হয়েছে। গৃহীত সিদ্ধান্তসমূহের মধ্যে ইতোমধ্যে বাস্তবায়িত এবং আগামীতে বাস্তবায়নযোগ্য সিদ্ধান্তসমূহ পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করা হয়ঃ

(ক) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি কর্তৃক অনুমোদিত কর্মসূচি সংক্রান্ত সিদ্ধান্ত এবং বাস্তবায়ন অগ্রগতিঃ

ক্রঃনঃ	বিষয়	সিদ্ধান্ত	পরবর্তী সিদ্ধান্ত/অগ্রগতি
--------	-------	-----------	---------------------------